

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ অধিশাখা
www.mofl.gov.bd

স্মারক নং-৩৩.০০.০০০০.১১৯.০৬.০০৫.১৫-১২৩

তারিখ: ১৮ চৈত্র ১৪২৫
০১ এপ্রিল ২০১৯

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: শাহ আলম, সহকারী প্রকৌশলী (বর্তমানে অবসরপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে হ্যাচারীসহ আঞ্চলিক হাঁস প্রজনন খামার স্থাপন প্রকল্প (৩য় পর্যায়)-এর নিম্নমানের নির্মাণ কাজ এবং ঠিকাদারের সাথে যোগসাজসে অনিয়ম ও দুর্নীতির কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৩/১২/২০১৫ তারিখের ৩৩.০০.০০০০.১১৭.০৬. ০০৫.১৫-১০৬৩ নং স্মারকে বিভাগীয় মামলা নং- ১০/২০১৫ রুজু পূর্বক অভিযোগনামা জারি করা হয়;

যেহেতু, তিনি ০৫/০১/২০১৬ তারিখে কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের জন্য প্রার্থনা করেন;

যেহেতু, তার প্রার্থনার পরিপ্রেক্ষিতে গত ১১/০৫/২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বক্তব্য, লিখিত জবাব এবং উপস্থাপিত অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্র সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য এ মন্ত্রণালয়ের উপসচিব (মৎস্য-১) হাফছা বেগমকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্ত করত: জনাব মো: শাহ আলম-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, বিভাগীয় মামলা প্রক্রিয়াকালীন গত ০৫/০৪/২০১৭ তারিখ হতে তিনি সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করেন; এবং ইতোমধ্যে তার অবসর-উত্তর ছুটিও শেষ হয়ে গিয়েছে;

যেহেতু, অবসরপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা চলমান রাখার কোন সুযোগ/অবকাশ থাকে না;

সেহেতু, জনাব মো: শাহ আলম, সহকারী প্রকৌশলী (বর্তমানে অবসরপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক আনীত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগের দায় থেকে তাকে drop করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/-
তারিখ ০১/০৪/২০১৯
(মোঃ রইছউল আলম মন্ডল)
সচিব


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

স্মারক নং-৩৩.০০.০০০০.১১৯.০৬.০০৫.১৫-১২৩/১(৯)

তারিখ: ১৮ চৈত্র ১৪২৫
০১ এপ্রিল ২০১৯

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (চ. দা.), প্রাণিসম্পদ অধিদপ্তর, খামারবাড়ি সড়ক, ফার্মগেট, ঢাকা।
 ২. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
 ৩. উপসচিব (প্রাণিসম্পদ-১ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
 ৪. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
 ৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
 ৭. জনাব মোঃ শাহ আলম, সহকারী প্রকৌশলী, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- স্থায়ী ঠিকানা:- ৩০৮/১, সেনপাড়া পর্বতা, ৩য় তলা, মিরপুর, ঢাকা।


(শাহীন মাহবুব)
উপসচিব